



# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫ মতিঝিল বা/এ, ঢাকা

ডিএমডি-২ পরিপত্র নং- ০২/২০২৩

তারিখঃ ৩০-০৭-২০২৩

## ট্রেজারী ম্যানেজমেন্ট বিভাগ

বিষয়ঃ বৈদেশিক বাণিজ্যের আমদানি ও রপ্তানি ঋণের ক্ষেত্রে নতুন সুদ হার পুনঃনির্ধারণ প্রসঙ্গে।

বাংলাদেশ ব্যাংকের ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগের বিআরপিডি সার্কুলার নং-৯ তারিখঃ ১৯ জুন ২০২৩ এবং বিআরপিডি সার্কুলার লেটার নং-২৭ তারিখঃ ২৭ জুলাই ২০২৩ এর নির্দেশনা মোতাবেক বাংলাদেশ কৃষি ব্যাংকের বৈদেশিক বাণিজ্যের আমদানি ও রপ্তানি ঋণের ক্ষেত্রে নতুন সুদ হার নিম্নোক্তভাবে পুনঃনির্ধারণ করা হলো।

| ঋণ ও অগ্রীমের প্রকৃতি                                                                                               | বর্তমান সুদ হার                                                                                                                                                                       | নতুন সুদ হার নির্ধারণ পদ্ধতি                                                                                                                                                                    | নতুন সুদ হার | মন্তব্য                    |
|---------------------------------------------------------------------------------------------------------------------|---------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|-------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|--------------|----------------------------|
| ০১। আমদানি ঋণ                                                                                                       |                                                                                                                                                                                       |                                                                                                                                                                                                 |              |                            |
| (ক) PAD                                                                                                             | ৯%                                                                                                                                                                                    | SMART +৩%                                                                                                                                                                                       | ১০.১০%       | ০১ জুলাই, ২০২৩ হতে কার্যকর |
| (খ) LIM                                                                                                             | ৯%                                                                                                                                                                                    | SMART +৩%                                                                                                                                                                                       | ১০.১০%       |                            |
| (গ) LTR                                                                                                             | ৯%                                                                                                                                                                                    | SMART +৩%                                                                                                                                                                                       | ১০.১০%       |                            |
| (ঘ) একসেস্টেড বিলের বিপরীতে স্ট্র ফোর্সড লোন                                                                        | ৯%                                                                                                                                                                                    | SMART +৩%                                                                                                                                                                                       | ১০.১০%       |                            |
| ০২। রপ্তানি ঋণ                                                                                                      |                                                                                                                                                                                       |                                                                                                                                                                                                 | ১০.১০%       |                            |
| (ক) এফবিপিইউ/এফবিপিএস বিল (তৈরি পোশাক, হিমায়িত খাদ্য, হিমায়িত মৎস্য রপ্তানি খাত, চামড়া শিল্প খাত ও অন্যান্য খাত) | ৯%<br>Sight Bill এর ক্ষেত্রে ঋণের মেয়াদ হবে ২১ দিন এবং Usance Bill এর ক্ষেত্রে ঋণের মেয়াদ হবে Usance Period + 8(Eight) days এর পর থেকে ঋণ স্থিতির উপর ৯.০০ % হারে সুদ প্রযোজ্য হবে। | SMART +৩%<br>Sight Bill এর ক্ষেত্রে ঋণের মেয়াদ হবে ২১ দিন এবং Usance Bill এর ক্ষেত্রে ঋণের মেয়াদ হবে Usance Period + 8(Eight) days এর পর থেকে ঋণ স্থিতির উপর SMART +৩% হারে সুদ প্রযোজ্য হবে। | ১০.১০%       |                            |
| (খ) প্যাকিং ক্রেডিট (পিসি)                                                                                          | ৭%                                                                                                                                                                                    | SMART +২%<br>অথবা বাংলাদেশ ব্যাংক থেকে সময়ে সময়ে জারিকৃত সার্কুলার মোতাবেক                                                                                                                    | ৯.১০%        |                            |
| (গ) নগদ সহায়তার বিপরীতে প্রদত্ত অগ্রীম (সাময়িক ঋণ),                                                               | ৯%                                                                                                                                                                                    | SMART +৩%                                                                                                                                                                                       | ১০.১০%       |                            |
| (ঘ) আইবিপি (ইনল্যান্ড বিল পারচেজ)                                                                                   | ৯%                                                                                                                                                                                    | SMART +৩%                                                                                                                                                                                       | ১০.১০%       |                            |

০২। বাংলাদেশ ব্যাংকের ওয়েব পোর্টালে প্রকাশিত বিগত ৬ মাসের SMART index এর একটি তালিকা নিম্নরূপঃ

### Six months Moving Average Rate of Treasury bill (SMART)

| Month   | SMART |
|---------|-------|
| Jan-23  | 6.96% |
| Feb-23  | 7.04% |
| Mar-23  | 7.07% |
| Apr-23  | 7.10% |
| May-23  | 7.13% |
| June-23 | 7.10% |

চলমান পাতা-০২

৪

**বিষয়ঃ বৈদেশিক বাণিজ্যের আমদানি ও রপ্তানি ঋণের ক্ষেত্রে নতুন সুদ হার পুনঃনির্ধারণ প্রসঙ্গে।**

যে মাসে সুদহার নির্ধারণ করা হবে তার অব্যবহিত পূর্ববর্তী মাসের SMART কে ভিত্তি ধরে সুদহার নির্ধারণ করতে হবে। উদাহরণস্বরূপ, জুলাই মাসের সুদহার নির্ধারণে উপরোল্লিখিত তালিকা অনুযায়ী জুন মাসের জন্য নির্ধারিত SMART রেট অর্থাৎ ৭.১০% কে বিবেচনায় নিতে হবে। সেক্ষেত্রে সুদের হার হবে =  $(৭.১০\% + ৩\%) = ১০.১০\%$ ।

- ০৩। কোন নতুন ঋণ প্রদানের ক্ষেত্রে সংশ্লিষ্ট মাসের জন্য নির্ধারিত সুদহার কার্যকর হবে। সুদহার স্থির(Fixed) অথবা পরিবর্তনশীল (Variable) যে প্রকৃতিরই হোক না কেন তা ঋণ প্রদানের পূর্বে ঋণগ্রহীতার সম্মতিক্রমে নির্ধারিত হতে হবে। তবে পরিবর্তনশীল প্রকৃতির সুদহার প্রয়োগের ক্ষেত্রে প্রতি ০৬ মাস পর পর পরিবর্তন কার্যকর হবে। উদাহরণস্বরূপ ০১ জানুয়ারী ২০২৪ তারিখে নতুন ঋণ প্রদান করা হলে পরিবর্তনশীল সুদহার ০১ জুলাই ২০২৪ তারিখে পরিবর্তনযোগ্য হবে।
- ০৪। কোনো ঋণ অথবা ঋণের কিস্তি সম্পূর্ণ বা আংশিক মেয়াদোত্তীর্ণ (Overdue) হিসেবে চিহ্নিত হলে যে সময়ের জন্য মেয়াদোত্তীর্ণ হবে, উক্ত সময়ে চলমান ঋণ/তলবী ঋণের ক্ষেত্রে সম্পূর্ণ ঋণ স্থিতির উপর এবং মেয়াদী ঋণের ক্ষেত্রে মেয়াদোত্তীর্ণ কিস্তির উপর সর্বোচ্চ ১.৫ শতাংশ হারে দণ্ড সুদ আরোপ করা যাবে।
- ০৫। প্রতি মাসে এডি শাখা সমূহ SMART রেট এর আলোকে সেই মাসের বৈদেশিক বাণিজ্য সংশ্লিষ্ট ঋণের সুদ হার নির্ধারণ করবে। এক্ষেত্রে আইসিটি বিভাগ বাংলাদেশ ব্যাংকের সার্কুলার এর আলোকে ঋণের পরিবর্তিত সুদহার CBS ও Banking Software এ কার্যকর করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।
- ০৬। এ নির্দেশনা ০১ জুলাই, ২০২৩ তারিখ হতে কার্যকর হবে।
- ০৭। এ সংক্রান্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক হতে সময়ে সময়ে জারিকৃত সার্কুলার বা সার্কুলার লেটার এর নির্দেশনা অনুযায়ী সুদহার পরিবর্তনযোগ্য।
- ০৮। উপরোক্ত নিয়মাবলী যথাযথভাবে পরিপালনের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হলো।

  
(খান ইকবাল হোসেন)  
উপব্যবস্থাপনা পরিচালক

প্রকা/টিএমডি/হিঃ২২/২০২৩-২০২৪/৯৪

তারিখঃ ৩০-০৭-২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, সকল উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক/ অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, ঢাকা।
- ০৪। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। (বৈদেশিক বাণিজ্যের আমদানি ও রপ্তানি ঋণের ক্ষেত্রে নতুন সুদ হার পুনঃনির্ধারণ বিষয়ক পরিপত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার জন্য আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে অনুরোধ করা হলো। )
- ০৫। উপ-মহাব্যবস্থাপক, বিকেবি, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা/কর্পোরেট শাখা সমূহ।
- ০৬। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৭। সকল মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/আঞ্চলিক ব্যবস্থাপক, বিকেবি, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়সমূহ।
- ০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৯। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)।
- ১০। নথি।

  
30.7.23  
(মোহাঃ আখিয়ারা খানম)  
উপমহাব্যবস্থাপক